অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৫৩.০৯৯.০৯.২২-১৪৬ তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

বিষয়: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থার মোটরযান, নৌযান ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রশাসনিক কাজে ব্যবহৃত ঢাকা-মেট্রো-চ-৫৩-৮২৬৮ নম্বর মাইক্রোবাসটি অকেজো ঘোষণা করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জনাব শামিমা বেগম এর সভাপতিত্বে গত ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: **বর্ণনামতে।**

(মো: ফাইজুর রহমান)
সহকারী সচিব ০১/০২/২০২৪
ফোন: -০২-৫৫১০০১৫৭
ইমেইল: admin3@moef.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। চেয়ারম্যান, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (দৃ: আ: **জনাব মো : জহির উদ্দিন বাবর, মোটর যান পরিদর্শক, মোবাইল নং- ০১৭১৮-০৬৬৮৯৬)**
২। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড. ঢাকা
(দৃ: আ: **জনাব মো: জসিম উদ্দিন চৌধুরী পরিদর্শক, সরকারি যানবাহন অধিদপ্তর, মোবাইল নং-০১৮১৬-৬৪২৮০১)**
৩। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ মতিঝিল, বা/এ, ঢাকা।
(দৃ: আ: **জনাব মো: সাহাব হোসেন অনিক, সহকারী প্রকৌশলী (যানবাহন), মোবাইল নং-০১৭৩৩-২০২৪৫৬)**
৪। মহাপরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), তেজগাঁও, শিল্প এলাকা, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ ; জনাব মো: জহিরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, মোবাইল নং- ০১৯৭৬-০৭৮৩৭৫)।

সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন শাখা-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। হিসাবরক্ষন কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৯। অফিস কপি

Tapu(admin-3,)অকেজো/letter

২০৪৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

বিষয়: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মটরযান, নৌযান ও অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	শামিমা বেগম যুগ্মসচিব (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
সভার তারিখ	:	৩১-১২-২০২৩ খ্রি.
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	পরিবেঁশ, বন ও জলবায়ু পরির্তন মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

২। যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সভাকক্ষে মটরযান, নৌযান ও অন্যান্য যন্ত্রপাতি অকোজো ঘোষণাকরণ সংক্রান্ত কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

(১) জনাব মো: সাহাব হোসেন অনিক, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), বিআইডব্লিউটিএ-সদস্য
(২) জনাব মো: জহিরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), বিটাক-সদস্য
(৩) জনাব মো: জসিম উদ্দিন চৌধুরী, (পরিদর্শক), সরকারি যানবাহন অধিদপ্তর-সদস্য
(৪) জনাব মোঃ জহির উদ্দিন বাবর (পরিদর্শক), বিআরটিএ-সদস্য
(৫) জনাব মো: ফাইজুর রহমান, সহকারী সচিব (প্রশাসন-৩), পরিবেশ, বন ও জলবায়ু পরির্তন মন্ত্রণালয়-সদস্য সচিব

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিবেশ, বন ও জলবায়ু পরির্তন মন্ত্রণালয়ের সহকারী সচিব (প্রশাসন-৩) জনাব মো: ফাইজুর রহমান সভায় কার্যপত্র উপস্থাপনপূর্বক (ঢাকা মেট্রো চ-৫৩-৮২৬৮) মাইক্রোবাসটি অকেজো ঘোষণার বিষয়ে আলোচনা কার্যক্রম পরিচালনা করেন। তিনি সভাকে জানান যে, অকেজো ঘোষণা সংক্রান্ত কমিটির সভাপতি যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে গত ০৭/০৫/২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তরিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

> **"৪ (খ) ঢাকা মেট্রো চ-৫৩-৮২৬৮ নম্বর মাইক্রোবাসটি অকেজো ঘোষণার বিষয়ে বিআরটিএ পরীক্ষা-নিরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-কে অনুরোধ করে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়"।**

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১ মে, ১৯৯৯ তারিখের সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০) সংখ্যক অফিস স্মারক অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালার ৯ অনুযায়ী:-

৯.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করিয়া ব্যবহার অলাভজনক বলিয়া বিবেচিত মোটরযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যাবহারকারী দপ্তর নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করিয়া উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)-এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন করিয়া মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করিবে। এই পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ ঢাকা-এর নিকট প্রেরণ করিবে।

Sohab

২২৪৬=

৯.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযানটি পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হইলে বা মেরামত করিয়া ব্যবহার করা অলাভজনক বিবেচিত হইলে সেই মর্মে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করিয়া সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)-এর প্রতিস্বাক্ষরে অনুর্ধ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তর/ব্যাবহারকারী দপ্তরে প্রতিবেদন প্রেরণ করিবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে বিলম্বের কারণ ব্যাখ্যা করিয়া পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করিতে হইবে।

৯.১.৩ মালিকানা দপ্তর/ব্যাবহারকারী দপ্তর বিআরটিএ-এর প্রতিবেদন প্রাপ্তির পর তাহা সংযুক্ত করিয়া মোটরযানের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট কাগজ পত্রসহ) স্বীয় মন্ত্রণালয়/বিভাগের নিকট অকেজো ঘোষণার নিমিত্তে প্রেরণ করিবে।

মোটরযান অকেজো ঘোষণার নির্ণয়ক:

৯.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করিয়া চালান অলাভজনক হইয়া পড়িয়াছে এইরূপ মোটরযান।

৯.২.২ মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হইয়া গিয়াছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এইরূপ মোটরযান।

৯.২.৩ মেরামত করিয়া নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করিতে যেই সমস্ত মোটরযানের বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হইবে এইরূপ মোটরযান।

৯.২.৪ দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হইয়াছে এইরূপ মোটরযান।

৯.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গিয়াছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হইয়াছে এইরূপ মোটরযান।

অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া:

৯.৩.১ কোন মোটরযান চূড়ান্তভাবে অকেজো ঘোষিত হইবার পর মালিকানা দপ্তর উহা বিক্রয়ের নিমিত্তে ২টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করিবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সহিত আর্নেষ্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করিবে।

৯.৩.২ দরপত্র প্রাপ্তির পর মালিকানা দপ্তরের দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করিয়া ইহার সুপারিশ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করিবে।

১৯.৩.৩ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হইলে মালিকানা দপ্তর স্বীয় মন্ত্রণালয়/বিভাগের অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করিবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করিবে।

৪। আলোচনা:

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সহকারী সচিব (প্রশাসন-৩) জনাব মো: ফাইজুর রহমান সভায় জানান যে, মাইক্রোবাসটি (ঢাকা মেট্রো চ-৫৩-৮২৬৮) বিগত ২০১৩ সালে ক্রয়কৃত মোটরযান দীর্ঘদিন চলাচলের কারণে ইঞ্জিনসহ গাড়ীর মেজর আইটেম সমূহ নষ্ট ও ক্ষয়প্রাপ্ত হওয়ায় গাড়ীটি মেরামত করে নির্ভরযোগ্য পর্যায়ে আনতে বর্তমান মূল্যের ৫০% শতাংশের বেশি ব্যয় হবে। এতদব্যতীত গাড়ীর সার্বিক অবস্থা বিবেচনায় মেরামত লাভজনক হবেনা। সভায় উপস্থিত প্রতিনিধি মাইক্রোবাসটি নিলামে বিক্রিয়ের নিমিত্ত অকেজো ঘোষণার অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বিআরটিএ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত মুল্যে অকেজো ঘোষণার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করেন।

৫। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনার পর মন্ত্রণালয়ের প্রশাসনিক কাজে ব্যবহৃত মাইক্রোবাসটি (ঢাকা মেট্রো চ-৫৩-৮২৬৮) বিআরটিএ কর্তৃক নির্ধারিত মূল্যে নিলামে বিক্রয় এবং অর্থ বিভাগের সম্মতি সাপেক্ষে চলতি অর্থ বছরে একটি নতুন মাইক্রোবাস ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: ফাইর্জুর রহমান)
সহকারী সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরির্তন মন্ত্রণালয়
ও
সদস্য সচিব

৩১/১১/২০২৫
(মো: জসিম উদ্দিন চৌধুরী)
পরিদর্শক নৌ
সরকারি যানবাহন অধিদপ্তর
ও
সদস্য

(মো: জহির উদ্দিন বাবর)
পরিদর্শক
বিআরটিএ
ও
সদস্য

৩১/১১/২০২৫
(মো: জহিরুল ইসলাম)
সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)
বিটাক
ও
সদস্য

৩১/১১/২৫
(মোঃ সাহাব হোসেন অনিক)
সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)
বিআইডব্লিটিএ
ও
সদস্য

৩১/১১/২০২৫
(শামিমা বেগম)
যুগ্মসচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ও
সভাপতি